# রাজশাহীর স্কুলে স্কুলে খুদে শিক্ষার্থীদের ভোট উৎসব

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ঃ** শিশুকাল থেকে গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হওয়া, অন্যের মতের প্রতি সহিষ্ণুতা ও শ্রদ্ধা দেখানোর অভ্যাস গড়ে তোলার লক্ষ্য নিয়ে উৎসব মুখর পরিবেশে রাজশাহীর প্রাথমিক স্তরের স্কুলে স্কুলে বৃহস্পতিবার অনুষ্ঠিত হলো স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন। জেলার সব প্রাথমিক বিদ্যালয়েই এ নির্বাচন অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের খুদে শিক্ষার্থীরা ভোট দিয়ে নির্বাচিত করে তাদের প্রতিনিধি। জেলা ও নগরের প্রায় সাড়ে পাঁচ শ'ও বেশি স্কুলে একযোগে অনুষ্ঠিত হয় এ নির্বাচন। ভোটদাতা ও ভোটগ্রহণ করে খুদে শিক্ষার্থীরা। সকালে জেলার পবা উপজেলার ভালাম ভবানিপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা যায় উৎসবমুখর পরিবেশ। মাঠের মধ্যে গাছগুলোতে রং পেন্সিল দিয়ে হাতে তৈরি পোস্টার টাঙানো হয়েছে। যেন নির্বাচনের আমেজ। সকাল থেকে ভোট দিতে শিশুরা লাইন ধরে দাঁড়ায়। নির্বাচনে ছাত্রছাত্রীরাই প্রার্থী হয় এবং ভোট দেয়। শুধু স্ব স্ব স্কুলের শিক্ষকরা নির্বাচনে সার্বিক তত্ত্বাবধান করেন।

## শাহজাদপুর

নিজস্ব সংবাদদাতা, শাহজাদপুর থেকে জানান, বৃহস্পতিবার শাহজাদপুর ইব্রাহিম মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হয়। এ নির্বাচনে সাত কাউন্সিলর নির্বাচিত হয়েছে। এরা ছাত্রছাত্রীদের বিভিন্ন কার্যক্রম পরিচালনা করবে।